



# বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

কেন্দ্রীয় কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০ | ফোন : ৮৮-০২২২৩৩০৮৭৯৭৫, ফ্যাক্স : ৮৮-০২২২৩৩০৮৪৬৩২  
ই-মেইল : [wparty-mail@gmail.com](mailto:wparty-mail@gmail.com), [www.wpbd71.org](http://www.wpbd71.org)

তারিখ : ২৪ জানুয়ারি ২০২২

## প্রেস বিজ্ঞপ্তি

### শারিপ্রবি শিক্ষার্থীদের দাবি মেনে সংকটের দ্রুত সমাধানে ওয়ার্কার্স পার্টির আহ্বান

বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির পলিটবুরো এক বিবৃতিতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বর্তমান সংকটের দ্রুত সমাধানের জন্য শিক্ষার্থীদের দাবি মেনে নেয়ার আহ্বান জানিয়েছে। বিবৃতিতে ওয়ার্কার্স পার্টি শিক্ষার্থীদের উপর পুলিশের রাবার বুলেট, লাঠিচার্জ, সাউন্ড হেনেড হামলাকে অপ্রয়োজনীয় ছিল বলে অভিমত প্রকাশ করেছে এবং একে উপাচার্যসহ প্রশাসনের সার্বিক ব্যর্থতা বলে উল্লেখ করেছে। বিবৃতিতে অনশনরত শিক্ষার্থীদের শারীরিক ও মানসিক অবস্থা বিবেচনা করে কালবিলম্ব না করার আহ্বান জানানো হয়। সম্প্রতি শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সভায় গৃহীত সিদ্ধান্তকে বিবৃতিতে স্বাগত জানিয়ে শিক্ষার্থীদের সঙ্গে দ্রুত আলোচনা করে পরিস্থিতি অচিরেই স্বাভাবিক করার জন্য সম্মানিত শিক্ষকদের প্রতি ও আহ্বান জানানো হয়।

বিবৃতিতে আরও বলা হয়েছে দীর্ঘদিন থেকেই বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ে এ ধরণের ঘটনা ঘটছে। তাই বিষয়টিকে গভীরভাবে পর্যালোচনা করা উচিত। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে উপাচার্য নিয়োগের সময় উপাচার্যের শিক্ষাগত যোগ্যতা, নৈতিক বোধ, প্রশাসনিক যোগ্যতা বিচারের চেয়ে রাজনৈতিক দলের আনুগত্যকে প্রাধান্য দেবার ফলে বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষা ও গবেষণার মানদণ্ড, প্রশাসনিক স্বচ্ছতা, শিক্ষার্থীদের সঙ্গে নিবিড় সম্পর্কের ঘাটতি তৈরি হচ্ছে, শিক্ষকদের মধ্যে দলাদলির প্রবণতা বৃদ্ধি পাচ্ছে, যা শিক্ষার্থীদের মনেও বিরূপ প্রতিক্রিয়া তৈরী করছে, শিক্ষার পরিবেশ নষ্ট করছে, যার ফলশ্রুতিতে সামান্য কারণেই সহিংস ঘটনা ঘটছে। তাই পাবলিক বিশ্ববিদ্যালয়গুলিতে উপাচার্য নিয়োগ পদ্ধতিকেও চেলে সাজানো উচিত বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে।

বার্তা প্রেরক

(কামরুজ্জামান)